শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০০৩৫৮
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৪২.২৩-১৬৪৪

তারিখঃ ১১ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

# নোটিশ

**বিষয়: বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'ইকুইপমেন্ট মেকানিক' পদে জনবল নিয়োগ প্রসঙ্গে।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.২২-২৮৯, তারিখ: ১১-০৯-২০২২ খ্রি. এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে **'ইকুইপমেন্ট মেকানিক'** পদে প্রাপ্ত আবেদন এবং পরবর্তীতে গৃহীত লিখিত, ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে **'ইকুইপমেন্ট মেকানিক'** পদে চূড়ান্তভাবে নিয়োগের জন্য নির্বাচন করা হলো:

| ক্র. নং | রোল নম্বর | নির্বাচিত প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১. | ২৯০০০০০৬ | জনাব মোঃ জসীম উদ্দিন<br>পিতা- মোঃ তাহের উদ্দীন | গ্রাম- শশীধরপুর, ডাকঘর- দুবলহাটী-২৫০০<br>উপজেলা- নওগাঁ সদর, জেলা- নওগাঁ। |

নির্বাচিত প্রার্থীর বরাবর নিম্নবর্ণিত শর্তসমূহ উল্লেখপূর্বক ডাকযোগে নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে:

## নিয়োগ পত্রের শর্তাবলী

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত 'ইকুইপমেন্ট মেকানিক' পদে আপনাকে সম্পূর্ণ অস্থায়ী ও এডহক ভিত্তিতে বোর্ড-এর প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় ভাতাসহ জাতীয় বেতন স্কেল'২০১৫ মোতাবেক ৳ ৯৩০০-২২৪৯০/= টাকা বেতনক্রমে (গ্রেড-১৬) নিম্নবর্ণিত শর্তে নিয়োগপত্র প্রদান করা হলো:

০১। চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর আপনি শিক্ষানবিশ হিসেবে নিয়োজিত থাকবেন। তবে, নিয়োগকারী কর্তৃপক্ষ আপনার শিক্ষানবিশকাল সম্প্রসারণ করতে পারবেন এবং বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ০২ (দুই) বছরের অধিক হবে না।

০২। আপনার চাকরি ততক্ষণ পর্যন্ত স্থায়ী করা হবে না যতক্ষণ না বোর্ড সংশ্লিষ্ট প্রবিধানমালার আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তাছাড়াও, বোর্ড কর্তৃক পুলিশ বিভাগ হতে আপনার চরিত্র ও প্রাক-পরিচয়ের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি, আপনার সম্পর্কে আপনার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার ইতিবাচক মতামত-এর উপর আপনার শিক্ষানবিশকালের সন্তোষজনক সমাপ্তি এবং আপনার চাকরির স্থায়ী/ নিয়মিতকরণ নির্ভর করবে।

০৩। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করে আপনার শিক্ষানবিসকালে চাকরির অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকরি অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

০৪। আপনি যদি কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা অথবা পল্লী বিদ্যুৎ সমিতির চাকরিতে নিয়োজিত থাকেন, তাহলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ যোগদানের সময় আপনাকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত অব্যাহতিপত্র পেশ করতে হবে।

০৫। যোগদানের সময় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর মেডিকেল রিটেইনার বা কোন সিভিল সার্জন-এর নিকট হতে আপনার শারীরিক সুস্থতা (ডোপ টেস্ট রিপোর্টসহ) সম্বন্ধীয় একটি সার্টিফিকেট দাখিল করতে হবে (উক্ত সার্টিফিকেটে ডোপ টেস্টের বিষয়টি পজেটিভ অথবা নেগেটিভ তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে)।

০৬। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৮ অনুযায়ী আপনার চাকরি নিয়ন্ত্রিত হবে।

০৭। চাকরিতে যোগদান করার জন্য আপনাকে কোন দৈনিক/ভ্রমন ভাতা প্রদান করা হবে না।

(অ. পৃ. দ্র./০২)

০৮। চাকরিতে যোগদানের সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপনার সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), সর্বশেষ অধ্যয়নকৃত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও জাতীয়তা/নাগরিকত্ব সনদ-এর মূল কপি প্রদর্শন করতে হবে। তাছাড়া, লিখিত (MCQ) পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।

০৯। পুলিশ কর্তৃক আপনার চরিত্র ও প্রাক-পরিচয় যাচাই করা হবে। এতদবিষয়ক পুলিশ রিপোর্ট সন্তোষজনক না হলে অথবা পরবর্তীতে আবেদনপত্রের তথ্য ভুল বা মিথ্যা বা বিকৃত প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আপনাকে বোর্ডের চাকরি হতে সরাসরি অপসারণ/বরখাস্ত করা হবে। সেক্ষেত্রে অত্র নিয়োগপত্র আপনার চাকরি প্রাপ্তির দাবী প্রতিষ্ঠিত করবে না।

১০। উপরিউক্ত শর্তাবলীর সাথে সম্মত হলে আগামী **০৯-০১-২০২৪ খ্রি.** তারিখের মধ্যে (অফিস সময়ে) কর্মচারী প্রশাসন পরিদপ্তর, সদর দপ্তর ভবন (২য় তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ যোগদান করতে হবে। অন্যথায় নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

**বি: দ্র: নির্ধারিত তারিখের মধ্যে নিয়োগপত্র না পৌঁছালে অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাগজাদিসহ যোগদানের জন্য ০৯-০১-২০২৪ খ্রি. তারিখের মধ্যে (অফিস সময়ে) কর্মচারী প্রশাসন পরিদপ্তরে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো।**

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

২৬/১২/২০২৩

(মোঃ মাহফুজুল হক)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর

**অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি), বাপবিবো → **নোটিশটি জরুরি ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশ করতঃ ০৯-০১-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০২। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো
০৩। একান্ত সচিব, সদস্য (প্রশাসন), বাপবিবো

বিতরণ:

০১। নোটিশ বোর্ড

26.12.2023

(মোঃ সাজেদুর রহমান)
উপ-পরিচালক (প্রশাসন) চ. দা.

F:\2021\Niogh_22\Examinations\Equipment_Mechanic\Notice.doc